# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৬) মসজিদে ঈদের ছালাত আদায় করা

(১৬) মসজিদে ঈদের ছালাত আদায় করা :

ঈদের ছালাত ঈদগাহে আদায় করা সুন্নাত।[1] বিনা কারণে মসজিদে ঈদের ছালাত আদায় করার শারঈ কোন ভিত্তি নেই। রাসূল (ছাঃ) কখনো মসজিদে ঈদের ছালাত আদায় করেননি। মসজিদে নববীতে ঈদের ছালাত আদায় না করে মসজিদ থেকে মাত্র ৫০০ গজ দূরে ঈদের ছালাত আদায় করেছেন।[2] অথচ অন্যত্র ছালাত আদায় করার চেয়ে মসজিদে নববীতে ছালাত আদায় করা এক হাযার গুণ বেশী নেকী।[3] উল্লেখ্য, বৃষ্টির কারণে তিনি একবার মসজিদে ছালাত আদায় করেছিলেন মর্মে যে হাদীছ বর্ণিত হয়েছে তা যঈফ।[4] উক্ত হাদীছের সনদে আবু ইয়াহইয়া ও ঈসা ইবনু আব্দুল আ'লা নামক দুইজন দুর্বল রাবী আছে।[5]

## ফুটনোট

[1]. ছহীহ বুখারী হা/৩০৪; ছহীহ মুসলিম হা/২০৯০; মিশকাত হা/১৪২৬।

[2]. মির‘আতুল মাফাতীহ ৫/২২ পৃঃ, হা/১৪৪০ নং হাদীছের ব্যাখ্যা দ্রঃ; বিস্তারিত দ্রঃ শায়খ আলবানী প্রণীত ‘ছালাতুল ঈদায়ন ফিল মুছাল্লা’ নামক বই।

[3]. ইবনু মাজাহ হা/১৪০৬, পৃঃ ১০২, সনদ ছহীহ; ছহীহ বুখারী হা/১১৯০, ১/১৫৯ পৃঃ (ইফাবা হা/১১১৭, ২/৩২৭ পৃঃ); মিশকাত হা/৬৯২, পৃঃ ৬৭; বঙ্গানুবাদ মিশকাত হা/৬৪০, ২/২১৪ পৃঃ।

[4]. আবুদাঊদ হা/১১৬০; ইবনু মাজাহ হা/১৩১৩; মিশকাত হা/১৪৪৮, ‘দুই ঈদের ছালাত’ অনুচ্ছেদ।

[5]. যঈফ আবুদাঊদ হা/২১৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1857

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন